

2020 সালের গণনায়

আমাদের অন্তর্ভুক্ত করুন

গণনায় থাকার
মাঝেই রয়েছে শক্তি



COUNTUSIN2020.ORG

জনগণনা গোপনীয়তা

জনগণনায় যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রতিটি মানুষকে গণনা করা হবে।

- ❖ আপনার এলাকার স্কুল, স্বাস্থ্যসেবা ও অন্যান্য প্রয়োজনীয় সেবার জন্য কতটুকু অর্থ বরাদ্দ করা হবে তা জনগণনার উপর নির্ভরশীল – আপনার কমিউনিটিতে যত বেশি মানুষ থাকবে, আপনার কমিউনিটি তত বেশি অর্থ বরাদ্দ পাবে।
- ❖ *যখন আপনি জনগণনায় জবাব দেবেন, তখন আপনি আপনার পরিবার ও কমিউনিটিকে অর্থ বরাদ্দ, সেবা ও রাজনৈতিক প্রতিনিধিত্বে তাদের ন্যায্য শেয়ার পেতে সাহায্য করবেন!*

জনগণনাতে আপনার পরিবারে থাকা প্রতিটি মানুষের ব্যাপারে সাধারণ প্রশ্ন করা হবে যেমন বয়স, নাম, বর্ণ ও গোত্র। **2020 জনগণনাতে ইমিগ্রেশন বা নাগরিকত্বের ব্যাপারে জিজ্ঞেস করা হবে না!**

জনগণনাতে আপনার জবাবগুলো সম্পূর্ণ গোপনীয় থাকবে।

- ❖ জনগণনাতে দেওয়া আপনার জবাবের গোপনীয়তা রক্ষা করার জন্য কঠোর আইন রয়েছে।
- ❖ ICE, পুলিশ বা অন্য কোনো সরকারি সংস্থা সহ কারো সাথেই আপনার তথ্য শেয়ার করার অনুমতি জনগণনা ব্যুরোর নেই।
- ❖ আপনার জবাব দিয়ে জনগণনা ব্যুরো শুধু জনসংখ্যার ব্যাপারে সাধারণ তথ্য রাখতে পারবে যেমন আপনার শহরে কতজন থাকে এবং তাদের বয়স, লিঙ্গ ও বর্ণ সম্পর্কিত পরিসংখ্যানের তথ্য। ব্যক্তি হিসেবে আপনার তথ্য জনগণনা ব্যুরো শেয়ার করতে পারবে না।

আইন অনুযায়ী সবাইকে জনগণনাটি সম্পূর্ণভাবে সম্পন্ন করতে ও সকল প্রশ্নের সঠিক উত্তর দিতে হবে। জনগণনাতে মিথ্যা তথ্য দেবেন না।

একটি বা দুটি প্রশ্ন আপনি এড়িয়ে গেলেও আপনার ফর্মটি গণনায় নেওয়া হবে যদি আপনি আপনার নাম ও ঠিকানা দিয়ে থাকেন। যদি আপনি প্রশ্ন এড়িয়ে যান বা জনগণনাটি একেবারেই সম্পন্ন না করেন, তাহলে জনগণনা ব্যুরো অসম্পূর্ণ তথ্যের ব্যাপারে ফোনে বা আপনার বাসায় একজন জনগণনা কর্মকর্তাকে পাঠিয়ে ফলো-আপ করতে পারে। আপনি যত কম প্রশ্ন এড়িয়ে যাবেন, জনগণনা ব্যুরোর ফলো-আপ করার সম্ভাবনা তত কম হবে।

জনগণনা সম্পর্কে আরও তথ্য পাওয়া যাবে এই ওয়েবসাইটে www.countusin2020.org/resources/